



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৮)অংশ-৭(৩)/২০১৬-১৭/৬২০(১২০০)

তারিখঃ ২২/০৫/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ চা ঋণের আবেদন ফি বাতিল ও সুদের হার হ্রাস করে পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের জারীকৃত ব্যাংকের বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ও ঋণের তল্লাশী সম্পাদন ফি প্রসঙ্গে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪ এবং ঋণ ও অগ্রিমের সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৬ তারিখ ২৫/০৭/২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। পরিচালনা পর্যদের ১২/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮তম সভায় অনুমোদন এবং ২৪/০৪/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮তম সভায় দৃষ্টিকরণ মোতাবেক চা ঋণের আবেদন ফি পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪ এর প্রেক্ষিতে গ্রহণ করতে হবে না। তবে আবেদনকৃত ১.২৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণাংক নির্বিশেষে ৫০০/- টাকা এবং তদূর্ধ্ব ঋণাংকের জন্য বিদ্যমান ০.৪০% এর স্থলে ০.৩০% অর্থাৎ প্রতি হাজারে ৩.০০ টাকা এবং সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা ঋণ প্রক্রিয়াকরণ ফি আদায় করতে হবে।

০৩। এছাড়াও চা উৎপাদন ও ব্যবসাকে অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক বাজারে টিকিয়ে রাখার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের চা ঋণের সুদের হার নিম্নবর্ণিতভাবে পুনঃ নির্ধারণ করার প্রস্তাবটি বিগত ১৭/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্যদের ৬৮তম সভায় অনুমোদন করা হয় যা ০১/০৪/২০১৭ তারিখ হতে কার্যকর হবেঃ

ক্রঃ নং	বিনিয়োগের খাত	বিদ্যমান সুদ হার	০১/০৪/২০১৭ তারিখ হতে কার্যকর সুদ হার
(ক)	চা উৎপাদন ঋণ	১২.০০%	১১.৫০% (বাৎসরিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)
(খ)	চা উৎপাদনের জন্য চলতি মূলধন ঋণ	১২.০০%	১১.৫০% (ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)
(গ)	চা উৎপাদন ঋণঃ রপ্তা/ অনুনুত চা বাগানের ক্ষেত্রে	১১.০০%	১১.০০% (বাৎসরিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)
(ঘ)	চা উন্নয়ন ঋণ (ব্যাংকের নিজস্ব তহবিল)	১২.০০%	১১.৫০% (ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)
(ঙ)	চা উন্নয়ন ঋণঃ রপ্তা / অনুনুত চা বাগানের ক্ষেত্রে (ব্যাংকের নিজস্ব তহবিল)	১১.০০%	১১.০০% (ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য)

০৪। এতদ্ব্যতীত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৮/২০১৪ তারিখ ১৭/০৯/২০১৪, সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৫-১৬/৭৩৪(১২০০) তারিখ ০২/০৫/২০১৬ এবং সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৬-১৭/৪৪২(১২০০) তারিখ ০৭/০২/২০১৭ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা যথাযথি বলবৎ থাকবে। এছাড়াও পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৬ তারিখ ২৫/০৭/২০১৬ এ বর্ণিত অন্যান্য খাতের সুদের হার অপরিবর্তিত থাকবে।


আপনার বিশ্বস্ত


(নিতিশ চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ - ২২/০৫/১৭

সার্কুলার লেটার নং- প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৮)অংশ-৭(৩)/২০১৬-১৭/৬২০(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১ / ২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি / মহানথি।


(খায়রুল্লাহ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক